সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২

# Sylhet Palli Bidyut Samity-2

দরবস্ত, জৈন্তাপুর, সিলেট।

ISO 9001:2015 Certified

E-mail : sylhetpbs2@gmail.com

স্মারক নং- ২৭.১২.৯১৫৩.৫৫৮.০২.০০৮.২০২৪. ২২২৯

তারিখ ১৬ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ **"লাইন টেকনিশিয়ান"** এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত প্রার্থীগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | **লাইন টেকনিশিয়ান** | **০৩ (তিন) টি** কম/বেশি হতে পারে। | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) এসএসসি বা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাশসহ লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসাবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং লাইনক্রু হিসাবে চাকুরীকাল কমপক্ষে ১০ (দশ) বছর হতে হবে ।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-৮,৩০০-১৪,৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষনাবেক্ষণ জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ছ) লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(জ) অধিনস্থ লাইনক্রুগণকে কাজ করার ক্ষেত্রে নিয়ন্ত্রণ, সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(ঝ) পদোন্নতির ক্ষেত্রে চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে<br>(ঞ) কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে। |

**০১। আবেদন করার পদ্ধতিঃ** আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ)শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও চাকুরীতে নিয়মিতকরণের তারিখ (ঠ) লাইনম্যান গ্রেড-১ পদে পদোন্নতি ও নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ সহ আবেদনপত্র সহকারে আগামী ১৬/০১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২:০০ ঘটিকায় সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, দরবস্ত, জৈন্তাপুর, সিলেট এ স্ব-শরীরে উপস্থিত হয়ে পদোন্নতি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হল।

**০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৮, ৩০০-১৪ ও ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমানপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
(ঙ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি ।
(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
(ছ) প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(জ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি।
(ঝ) সকল কাগজপত্র কর্মরত পবিসের এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

চলমান পাতা

**০৩। পদোন্নতির জন্য সাক্ষাতকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ-**

(ক) সর্বশেষ ০৩(তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১(এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) সর্বশেষ ০৫(পাঁচ) বছরের ভিতর একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একাধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময় কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে,বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, উক্ত কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রম অতিবাহিত সময়ে পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বছরের জন্য লাইন টেকনিশিয়ান (চলতি দায়িত্ব) পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে লাইন টেকনিশিয়ান পদে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৫। অতীত কর্মসম্পাদনের মান ও নির্বাচনী পরীক্ষা সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীদের মধ্যে হতে জ্যেষ্ঠতা হিসেবে সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।

০৬। চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৭। অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ (সিলেট জেলার জৈন্তাপুর, গোয়াইনঘাট, কানাইঘাট, কোম্পানীগঞ্জ ও সিলেট সদর উপজেলা এবং সুনামগঞ্জ জেলার ছাতক ও দোয়ারাবাজার উপজেলা) স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৯। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীত এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

১০। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোনপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩। যে কোন আবেদন পত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
সিলেট পবিস-২।

**অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। পুলিশ সুপার, সিলেট।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ....................................পবিস-১/২/৩/৪।(আবেদনপত্র অগ্রগামী করার অনুরোধসহ)
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) বাপবিবো, ঢাকা।
০৯। ডিজিএম, কোম্পানীগঞ্জ /কানাইঘাট / (সদর দপ্তর-কারিগরী), জোনাল অফিস, সিলেট পবিস-২ পবিস।
১০। এজিএম (ওএন্ডএম), গোয়াইনঘাট/গাছবাড়ি/শিবেরবাজার সাব-জোনাল অফিস, সিলেট পবিস-২ পবিস।
১১। এজিএম (ইএন্ডসি/অর্থ-হিসাব/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন), সিলেট পবিস-২ পবিস।
১২। এজিএম (আইটি), সিলেট পবিস-২ পবিস। (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা)
১৩। নোটিশ বোর্ড, সিলেট পবিস-২ পবিস।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

(নাবিব আহমেদ সাঈদ)
এজিএম(প্রশাসন)
সিলেট পবিস-২।